

...

সভাপতি	মফিজ উদ্দীন আহমেদ অতিরিক্ত সচিব
সভার তারিখ	২২ মার্চ ২০২২ তারিখ মঙ্গলবার।
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	জুম অনলাইন।
উপস্থিতি	...

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং যথাসময়ে আওতাধীন পঁচিশটি দপ্তর/ সংস্থার প্রতিনিধি সভায় উপস্থিত থাকায় সন্তোষ প্রকাশ করা হয়।


০২। সভার আলোচনাঃ

ইনোভেশন টিমের সদস্য ও উপসচিব মোহাম্মদ এনামুল হক কর্তৃক আলোচ্যসূচীর প্রতিটি বিষয় ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বিভিন্ন সূচকের বিপরীতে মার্চ-২০২২ পর্যন্ত আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, একটি সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন, তথ্য বাতায়নের সকল সেবা বন্ধ হালনাগাদকরণ, বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত, কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত এবং অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয় বরাবর প্রেরণ ইত্যাদি সূচকসমূহে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অগ্রগতি সন্তুষ্টজনক। তবে, ই-নথির ব্যবহার এবং ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত ইত্যাদি সূচকসমূহের অগ্রগতি সন্তোষজনক নয়। সভায় ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, একটি সেবা সহজিকরণ এবং দেশে/ বিদেশে বাস্তবায়িত একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ক্ষেত্রে আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের বরাদ্দকৃত বাজেট ব্যয়ের বিষয়টি বিবেচনা করা যায় মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

০৩। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নে উল্লেখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) জুন ৩০, ২০২২ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বিভিন্ন সূচকসমূহ আবশ্যিকভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৪। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মফিজ উদ্দীন আহমেদ
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৪২০.৯৯.০০৩.২১.৭

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮

২৭ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
- ৩) চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৪) এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
- ৫) সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টরের দপ্তর, সোনালী ব্যাংক লিমিটেড
- ৬) ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও, অগ্রণী ব্যাংক লিমিটেড
- ৭) ম্যানেজিং ডিরেক্টর অ্যান্ড সিইও, রূপালী ব্যাংক লিমিটেড
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯) ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
- ১০) ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
- ১১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
- ১২) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৪) ব্যবস্থাপনা পরিচালক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৫) ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৬) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক
- ১৭) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৮) ম্যানেজিং ডাইরেক্টর, জীবন বীমা কর্পোরেশন
- ১৯) ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন
- ২০) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
- ২১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২২) ব্যবস্থাপনা পরিচালক, সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২৩) নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
- ২৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
- ২৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ২৬) ডিজিএম (পিএস টু এমডি), এম ডি'স সেক্রেটারিয়েট, জনতা ব্যাংক লিমিটেড


২৭/০৩/২২
মোহাম্মদ এনামুল হক

